অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/24/2023 **গভর্নর ক্যাথি হোকল**

রাজধানী অঞ্চলের ক্রাইম অ্যানালাইসিস সেন্টারের সম্প্রসারণ সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা এবং স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলোর জন্য তহবিল বৃদ্ধি করার জন্য স্টেট অব দ্য স্টেটের প্রস্তাবগুলোর উপর আলোকপাত

নতুন সেন্টারটি 500,000 ডলার ব্যয়ে আপগ্রেড করা হচ্ছে, আগের জায়গার চেয়ে চারগুণ জায়গা নিয়ে অবস্থিত, এবং দ্বিগুণ সংখ্যক কর্মীর সংকুলান হবে

গভর্নর হোকলের সংগ্রহ করা 15 মিলিয়ন ডলারের রেকর্ড পরিমাণ বিনিয়োগের দ্বারা অর্থায়নকৃত স্টেটজুড়ে 10টি সেন্টারের মধ্যে একটি

গভর্নর 2023 সালের স্টেট অব দ্য স্টেট ভাষণের অংশ হিসেবে বৃহৎ জন নিরাপত্তা উদ্যোগগুলোর উপর আলোকপাত করেছেন, যার মধ্যে ক্রাইম অ্যানালাইসিস সেন্টার নেটওয়ার্ককে নিউ ইয়র্ক সিটিতে সম্প্রসারণ করা, আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা দূরীকরণের উদ্যোগের জন্য দ্বিগুণ তহবিল বরাদ্দ করা, এবং স্টেটের 62টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নি অফিসের জন্য তিনগুণ তহবিল বরাদ্দ করা অন্তর্ভুক্ত রয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ আলবানিতে রাজধানী অঞ্চলের ক্রাইম অ্যানালাইসিস সেন্টার (Capital Region Crime Analysis Center) সম্প্রসারণ করার ঘোষণা দিয়েছেন, যেটি আইন প্রয়োগকারী সংস্থাগুলোকে আরো কার্যকরভাবে অপরাধের সমাধান করতে, কমিয়ে আনতে, ও প্রতিরোধ করতে সাহায্য করার জন্য অতি গুরুত্বপূর্ণ অপরাধ বিশ্লেষণ, তথ্য, ও তদন্তমূলক সহায়তা প্রদানের জন্য স্টেটের সহায়তায় পরিচালিত নেটওয়ার্কের অন্তর্ভুক্ত 10টি সেন্টারের মধ্যে একটি। আলবানি সিটির পুলিশ সদরদপ্তরে অবস্থিত সেন্টারটি 500,000 ডলারের আপগ্রেড পেয়েছে, যা এটিকে দ্বিগুণ সংখ্যক কর্মীর সংকুলান করার মতো জায়গা সহ সাবেক অবস্থানের তুলনায় চারগুণ বড় আকার দিয়েছে। সেন্টারটি ঘুরে দেখার পরে, গভর্নর হোকল 2023 সালের স্টেট অব দ্য স্টেট এজেন্ডায় অন্তর্ভুক্ত করা বৃহৎ জন নিরাপত্তা উদ্যোগগুলোর উপর আলোকপাত করেন, যেগুলোর মধ্যে ক্রাইম অ্যানালাইসিস সেন্টার নেটওয়ার্ককে নিউ ইয়র্ক সিটিতে সম্প্রসারণ করা, স্টেটের আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা দূরীকরণের উদ্যোগের জন্য দ্বিগুণ তহবিল বরাদ্দ করা, এবং স্টেটের 62টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নি অফিসের জন্য সহায়তার পরিমাণ তিনগুণের বেশিতে উন্নীত করা অন্তর্ভুক্ত রয়েছে।

"প্রত্যেক নিউ ইয়র্কবাসী যাতে নিরাপদে বসবাস করতে পারেন তা নিশ্চিত করার চেয়ে বড় কোনো দায়বদ্ধতা নেই, এবং এটি সবসময়ই আমার এক নম্বর অগ্রাধিকার হিসেবে রয়েছে," **বলেছেন গভর্নর হোকল।** "স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলোর অপরাধের বিরুদ্ধে লড়াইয়ের প্রচেষ্টাসমূহের মেরূদণ্ড হিসেবে ভূমিকা পালন করা অনন্য একটি নেটওয়ার্ক তৈরি করার জন্য আমরা স্থানীয়, স্টেট, ও ফেডারেল পর্যায়ের সংস্থানসমূহ কাজে লাগিয়েছি। আমরা ডাটা বিশ্লেষণ করা এবং তথ্য শেয়ার করার জন্য সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহার করা চালিয়ে যাবো, যা তদন্তকারীদেরকে স্টেটজুড়ে খুন, ডাকাতি, চুরি ও আগ্নেয়াস্ত্র সংক্রান্ত অপরাধগুলো সমাধান করার এবং সবার জন্য একটি অধিকতর নিরাপদ নিউ ইয়র্ক গড়ে তোলার সুযোগ করে দেবে।"

সেন্টারগুলো কিভাবে পুলিশ সংস্থাগুলো এবং প্রসিকিউটরদের অফিসগুলোকে সহায়তা করে থাকে, বিশেষ করে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত কেসগুলোতে, সে সম্পর্কে আরো তথ্য জানার জন্য সেন্টারের পরিচালনা বোর্ডের সঙ্গে বৈঠক করার পর গভর্নর হোকল আলবানির মেয়র ক্যাথি শিহান এবং আলবানি কাউন্টির এক্সিকিউটিভ ড্যান ম্যাককয়ের সঙ্গে সেন্টারটি ঘুরে দেখেন। স্টেটের ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services, DCJS) এবং যুক্তরাষ্ট্রের ব্যুরো অব অ্যালকোহল, টোবাকো, ফায়ারআর্মস এন্ড এক্সপ্লোসিভস (Bureau of Alcohol, Tobacco, Firearms and Explosives, ATF)-এর মধ্যকার একটি অনন্য অংশীদারিত্বের মাধ্যমে 10টি সেন্টার ATF-এর ন্যাশনাল ইন্টিগ্রেটেড ব্যালিস্টিক ইনফরমেশন নেটওয়ার্ক (National Integrated Ballistic Information Network, NIBIN) অ্যাক্সেস করে থাকে, এবং এই গ্রীষ্ম নাগাদ প্রতিটি সেন্টারে স্টেটজুড়ে একাধিক বিচারিক ক্ষেত্রের আওতাধীন বিভিন্ন ক্রাইম সিন থেকে পাওয়া শেল কেসিং প্রক্রিয়াকরণ করা এবং সম্ভাব্য মিল শনাক্ত করার জন্য অন-সাইট প্রযুক্তি থাকবে। এই শনাক্তকরণ প্রক্রিয়ার জন্য এর আগে এক মাস পর্যন্ত সময়ের প্রয়োজন হতো কিন্তু এখন 24 থেকে 48 ঘণ্টার প্রয়োজন হবে এবং নির্ভুলতার রেটিং 99.6 থাকবে।

ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস-এর কমিশনার রোজানা রোসেডো বলেন, "DCJS আমাদের আইন প্রয়োগকারী সংস্থার অংশীদারদেরকে অত্যন্ত গুরুত্বপূর্ণ সংস্থানসমূহ, প্রশিক্ষণ এবং অন্যান্য সহায়তা প্রদান করতে পেরে গর্বিত, যাতে এসব সংস্থা আমাদের কমিউনিটিগুলোকে আরো ভালোভাবে সেবা প্রদান করতে পারে এবং আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা প্রতিরোধ করা এবং সহিংস অপরাধ কমিয়ে আনার জন্য সহায়তা করতে কার্যকর কৌশলসমূহ ব্যবহার করতে পারে। আমরা গভর্নর হোকলকে তার নেতৃত্বের জন্য এবং আমাদের জন নিরাপত্তা প্রচেষ্টাগুলোর প্রতি সমর্থনের জন্য ধন্যবাদ জানাই, যেসব প্রচেষ্টা আমাদের আইন প্রয়োগকারী সংস্থার অংশীদারদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ সমস্যাগুলোর প্রতি মনোযোগ দেওয়া এবং সমগ্র নিউ ইয়র্কজুড়ে অধিকতর নিরাপদ কমিউনিটি তৈরি করার জন্য তাদের প্রয়োজনীয় হাতিয়ারগুলো থাকার বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করছে।"

যুক্তরাষ্ট্রের ব্যুরো অব অ্যালকোহল, টোবাকো, ফায়ারআর্মস এন্ড এক্সপ্লোসিভস-এর স্পেশাল এজেন্ট ইন চার্জ জন ডি ভিটো বলেন, "ATF এবং আমাদের সব ফেডারেল, স্টেট ও স্থানীয় অংশীদারদের মধ্যকার এই অংশীদারিত্ব নিউ ইয়র্ক স্টেটে আগের যেকোনো সময়ের চেয়ে বেশি শক্তিশালী হয়েছে। এই অংশীদারিত্বের জন্য আমরা গভর্নর হোকলের প্রতি বিশেষভাবে কৃতজ্ঞ এবং ATF ক্রাইম গান ইন্টেলিজেন্স (Crime Gun Intelligence)-এর সহিংস

অপরাধ কমিয়ে আনার কৌশল গ্রহণ করার জন্য DCJS নেতৃত্বের প্রতি কৃতজ্ঞ। অপরাধ সংঘটনের জন্য ব্যবহৃত আগ্নেয়াস্ত্র ট্র্যাক করা, ব্যালিস্টিক বিশ্লেষণ এবং তদন্ত কাজে নিয়োজিত অংশীদারদের মধ্যে সম্পূর্ণ সহযোগিতা সব আইন প্রয়োগকারী সংস্থাকে জনসাধারণকে আরো ভালোভাবে সুরক্ষিত রাখতে সাহায্য করবে। এর সবকিছুই স্টেটজুড়ে এবং চূড়ান্ত পর্যায়ে গিয়ে দেশজুড়ে এসব অত্যন্ত গুরুত্বপূর্ণ জন নিরাপত্তা সংক্রান্ত সংস্থানগুলোতে বিনিয়োগ করা এবং সেগুলো সম্প্রসারণ করার জন্য গভর্নর ক্যাথি হোকল এবং DCJS-এর কমিশনার রোজানা রোসেডোর অঙ্গীকারাবদ্ধতার ফসল।"

আলবানি কাউন্টির আইন প্রয়োগকারী সংস্থাগুলোকে সেবা প্রদানের জন্য 2009 সালে প্রথম প্রতিষ্ঠিত হওয়া রাজধানী অঞ্চলের ক্রাইম অ্যানালাইসিস সেন্টার এখন কলম্বিয়া, মন্টগোমেরি, রেনসেলার, সারাটোগা, স্কেনেকটেডি, ও ওয়াশিংটন কাউন্টিকে সেবা প্রদান করছে এবং অনুরোধ সাপেক্ষে যেকোনো পুলিশ সংস্থা বা প্রসিকিউটরের অফিসকে সহায়তা প্রদান করে থাকে। এই সেন্টারে বর্তমানে 24 জন অ্যানালিস্ট ও কর্মী কর্মরত রয়েছেন, যাদেরকে হয় DCJS-এর দ্বারা অর্থায়ন করা হচ্ছে অথবা স্থানীয়, স্টেট, ও ফেডারেল পর্যায়ের সংস্থাগুলো নিযুক্ত করেছে, যেসব সংস্থার মধ্যে আলবানি ও স্কেনেকটেডির পুলিশ বিভাগ; আলবানি কাউন্টি প্রোবেশন ডিপার্টমেন্ট (Albany County Probation Department); নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police); নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ড (New York National Guard); নিউ ইয়র্ক-নিউ জার্সি হাই ইন্টেনসিটি ড্রাগ ট্রাফিকিং এরিয়া (New York-New Jersey High Intensity Drug Trafficking Area, HIDTA); ATF; এবং ফেডারেল ব্যুরো অব ইনভেস্টিগেশন (Federal Bureau of Investigation, FBI) অন্তর্ভুক্ত রয়েছে। 4,100 বর্গফুট আয়তনের নতুন অবস্থানটি সেন্টারটিকে 39 জন পর্যন্ত কর্মী সংকুলান করার সুযোগ করে দিচ্ছে।

গত বছর, গভর্নর হোকল DCJS কর্তৃক পরিচালিত ক্রাইম অ্যানালাইসিস সেন্টার নেটওয়ার্কের জন্য 23 সালের অর্থবছরের বাজেট থেকে 15 মিলিয়ন ডলার নিশ্চিত করেছেন, যা স্টেটের বিনিয়োগকে প্রায় দ্বিগুণে উন্নীত করেছে। নেটওয়ার্কের মধ্যকার অন্য সেন্টারগুলো ব্রুম, এরি, ফ্র্যাঙ্কলিন, নায়াগ্রা, মনরো, ওনেইডা, ওনোনডাগা, অরেঞ্জ, ও সাফোক কাউন্টিতে অবস্থিত এবং নেটওয়ার্কটি 43টি দেশের 350টিরও বেশি আইন প্রয়োগকারী সংস্থাকে এবং অনুরোধ সাপেক্ষে যেকোনো সংস্থাকে সেবা প্রদান করে থাকে। DCJS-এর পাশাপাশি স্থানীয় ও স্টেট সংস্থাগুলোর প্রতিনিধিদের নিয়ে গঠিত একটি পরিচালনা বোর্ড প্রতিটি সেন্টার তত্ত্বাবধান করে থাকে।

2022 সালে, 10টি সেন্টারের কর্মীরা স্থানীয়, স্টেট ও ফেডারেল আইন প্রয়োগকারী সংস্থাগুলোর কাছ থেকে আসা 66,000 এরও বেশি অনুরোধে সাড়া দিয়েছেন এবং সংস্থাগুলোকে খুন, ডাকাতি, চুরি, আগ্নেয়াস্ত্র সংক্রান্ত অপরাধ, এবং অন্যান্য গুরুতর অপরাধ সমাধান করতে সাহায্য করেছেন। এই গত সপ্তাহেই, ইস্ট গ্রিনবুশ পুলিশ ডিপার্টমেন্ট (East Greenbush Police Department) ঘোষণা করেছে যে এটি 1994 সালে ঘটে যাওয়া 81 বছর বয়সী উইলোমিয়ানা "ভায়োলেট" ফিলকিন্স-এর খুনের রহস্য সমাধান করেছে; রাজধানী অঞ্চলের সেন্টারটির কর্মীরা এই কেসের তদন্তের ক্ষেত্রে সহায়তা প্রদান করেছে।

গভর্নরের 2023 সালের স্টেট অব দ্য স্টেট এজেন্ডায়, গভর্নর হোকল আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা এবং সহিংস অপরাধ কমিয়ে আনার জন্য একটি সমন্বিত জন নিরাপত্তা পরিকল্পনা ও বিনিয়োগের রূপরেখা তুলে ধরেছেন যার মধ্যে রয়েছে:

- স্টেটের ক্রাইম অ্যানালাইসিস সেন্টার নেটওয়ার্ককে নিউ ইয়র্ক সিটিতে সম্প্রসারণ করা।
- আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা দূরীকরনের উদ্যোগের (Gun Involved Violence Elimination, GIVE) জন্য দ্বিগুণ তহবিল বরাদ্দ করে 36 মিলিয়ন ডলারে উন্নীত করা। GIVE উদ্যোগ 17টি কাউন্টির 20টি পুলিশ ডিপার্টমেন্টকে সহায়তা প্রদান করে থাকে, যেসব কাউন্টিতে নিউ ইয়র্ক স্টেটে নিউ ইয়র্ক সিটির বাইরে সংঘটিত অপরাধগুলোর 80 শতাংশেরও বেশি সংঘটিত হয়ে থাকে: অ্যালবানি, ব্রুম, চৌটাউকা, ডাচেস, এরি, মনরো, নাসাউ, নায়াগ্রা, ওনেইডা, ওনোনডাগা, অরেঞ্জ, রেনসেলার, রকল্যান্ড, শেনেকট্যাডি, সাফোক, আলস্টার এবং ওয়েস্টচেস্টার। এসব কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নিদের অফিস, প্রোবেশন ডিপার্টমেন্ট, শেরিফদের অফিস, এবং অন্যান্য অংশীদাররাও এই উদ্যোগের মাধ্যমে তহবিল পেয়ে থাকে।
  -2022 সালে, কয়েকটি GIVE বিচারিক ক্ষেত্রের মধ্যে গোলাগুলির ঘটনা আগের বছরের চেয়ে কমে এসেছে, যার মধ্যে রয়েছে বাফেলো (32 শতাংশ কমেছে), লং আইল্যান্ড (29 শতাংশ কমেছে), ওয়েস্টচেস্টার (17 শতাংশ), এবং রচেস্টার (13 শতাংশ)।
- কমিউনিটি স্ট্যাবিলাইজেশন ইউনিট (Community Stabilization Units) 16টি কমিউনিটি থেকে 25টি কমিউনিটিতে বৃদ্ধি করা, নজিরবিহীন চারটি একাডেমি ক্লাসের জন্য তহবিল প্রদান এবং ফেডারেল টাস্ক ফোর্সে উপস্থিতি বৃদ্ধি করার মাধ্যমে স্টেট পুলিশের জন্য সহায়তা বৃদ্ধি করা।
- স্টেটের 62টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিসের জন্য তহবিলের পরিমাণ 12 মিলিয়ন ডলার থেকে তিনগুণেরও বেশি বৃদ্ধি করে 52 মিলিয়ন ডলারে উন্নীত করা এবং 1 জানুয়ারি, 2020 তারিখ থেকে কার্যকর হওয়া আবিষ্কার ও বিচারপূর্ব কার্যধারার ক্ষেত্রে সাম্প্রতিক ক্রিমিনাল জাস্টিস পুনর্গঠনগুলো বাস্তবায়নের সাথে সম্পর্কিত ব্যয় নির্বাহের জন্য আবিষ্কার ও বিচারপূর্ব পরিষেবার জন্য অর্থায়ন চালু রাখা।

<u>আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা কমিয়ে আনা</u>

গত বছর, নিউ ইয়র্ক সিটিতে গোলাগুলির ঘটনা 17 শতাংশ এবং সিটির বাইরে 15 শতাংশ কমেছে। সেইসাথে, গত বছর নিউ ইয়র্ক জুড়ে সব আইন প্রয়োগকারী সংস্থার দ্বারা 10,093টি আগ্নেয়াস্ত্র জব্দ করা হয়েছে। এটি 2019 সালের তুলনায় 59 শতাংশ বেশি, যে সময়ে 6,819টি আগ্নেয়াস্ত্র জব্দ করা হয়েছিল, এবং 2021 সালের তুলনায় 11 শতাংশ বৃদ্ধি, যে সময়ে 9,088টি আগ্নেয়াস্ত্র জব্দ করা হয়েছিল। এছাড়াও মহামারীর আগের সময়ের তুলনায় স্টেট পুলিশ কর্তৃক আগ্নেয়াস্ত্র জব্দ করার পরিমাণও 160 শতাংশ বৃদ্ধি পেয়ে 2019 সালের 528টি থেকে বৃদ্ধি পেয়ে 2022 সালে 1,376টিতে এসে দাঁড়িয়েছে। এছাড়াও স্টেট পুলিশ 2022 সালে 120টি গোস্ট গান জব্দ করেছে, যা 2021 সালের তুলনায় 85 শতাংশ বেশি।

দায়িত্ব গ্রহণের পর থেকে, গভর্নর হোকল নিম্নলিখিত প্রচেষ্টাগুলো এগিয়ে নেওয়ার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা প্রতিরোধ বিষয়ক আইনগুলো শক্তিশালী করার জন্য পদক্ষেপ গ্রহণ করে আসছেন:

- গোস্ট গান নিষিদ্ধকরণ।
- আগ্নেয়াস্ত্র সংক্রান্ত অপরাধের জন্য জামিনের উপযুক্ততা সম্প্রসারণ করা।
- আগ্নেয়াস্ত্র পাচারের অপরাধের বিচার কঠোরতর করা।
- রেড ফ্ল্যাগ আইনের ব্যবহারের ম্যান্ডেট প্রদান করা, যার ফলে 5,400টিরও বেশি চরম পর্যায়ের ঝুঁকি থেকে সুরক্ষার আদেশ ইস্যু করা হয়েছে, যেটি ছিল 2021 সালের তুলনায় 300 শতাংশ বৃদ্ধি।
- সেমি-অটোমেটিক অস্ত্র ক্রয় করার বয়স 21 বছরে উন্নীত করা।
- দেশের মধ্যে প্রথম অবৈধ আগ্নেয়াস্ত্র বিষয়ক আন্তঃস্টেট টাস্ক ফোর্স (Interstate Task Force on Illegal Guns) চালু করা যেটি ফেব্রুয়ারির মাঝামাঝি সময়ে আবার বৈঠকে বসবে।
- আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতায় বাধাদান করার কর্মসূচিগুলোতে স্টেটের বিনিয়োগ তিনগুণে উন্নীত করা।

আলবানির মেয়র ক্যাথি শিহান বলেন, "নিউ ইয়র্ক স্টেটের সবচেয়ে নতুন এবং সবচেয়ে বড় ক্রাইম অ্যানালাইসিস সেন্টারের ঠিকানা হতে পেরে আলবানি গর্বিত। এখানে যে কাজ সম্পন্ন হচ্ছে তা আমাদের সড়কগুলো থেকে রেকর্ড সংখ্যক আগ্নেয়াস্ত্র সরিয়ে নিতে, সহিংস কর্মকাণ্ডে লিপ্ত ব্যক্তিদেরকে পাকড়াও করতে, এবং পুলিশের সংস্থানগুলোকে সুরক্ষার কাজে নিয়োজিত করার জন্য আমাদেরকে অবহিত করতে সাহায্য করার জন্য প্রবণতাগুলো শনাক্ত করতে আমাদেরকে সাহায্য করছে। চিফ হকিন্স এবং আলবানি পুলিশ ডিপার্টমেন্টের সঙ্গে অংশীদার হওয়ার জন্য এবং প্রতিদিন জন নিরাপত্তা বৃদ্ধি করে চলা এই গুরুত্বপূর্ণ বিনিয়োগ করার জন্য গভর্নর হোকল এবং DCJS-এর কমিশনার রোজানা রোসাডোকে ধন্যবাদ।"

আলবানি কাউন্টির এক্সিকিউটিভ ড্যানিয়েল পি. ম্যাককয় বলেন, "নিউ ইয়র্কবাসীরা নিরাপদ কমিউনিটিতে বসবাস করার মাধ্যমে অর্জিত মানসিক প্রশান্তি পাওয়ার অধিকার রাখেন, এবং আলবানিতে ক্রাইম অ্যানালাইসিস সেন্টার সম্প্রসারণের জন্য 500,000 ডলারের এই বিনিয়োগ জন নিরাপত্তার প্রতি গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতার আরেকটি প্রমাণ। সড়ক থেকে আগ্নেয়াস্ত্র সরানো এবং ভবিষ্যতে সহিংস অপরাধ সংঘটিত হওয়া প্রতিরোধ করার ক্ষেত্রে স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলোকে সহায়তা করার জন্য যে গুরুত্বপূর্ণ কাজ সম্পন্ন করা হচ্ছে তা সরাসরি প্রত্যক্ষ করার জন্য আজ গভর্নর এবং মেয়র শিহানের সঙ্গে এই নতুন ফ্যাসিলিটি ঘুরে দেখতে পেরে আমি আনন্দিত বোধ করছি।"

ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস হলো অপরাধের ন্যায়বিচারের ক্ষেত্রে সহায়তাকারী একটি মাল্টি-ফাংশন সংস্থা এবং এর বিভিন্ন ধরনের দায়িত্ব রয়েছে, যার মধ্যে আইন প্রয়োগকারী সংস্থাকে প্রশিক্ষণ প্রদান; স্টেটব্যাপী সংঘটিত অপরাধের ডাটা সংগ্রহ ও বিশ্লেষণ; অপরাধের ইতিহাসের তথ্য ও আঙ্গুলের ছাপের ফাইল সংরক্ষণ; নিউ ইয়র্ক স্টেট পুলিশের সাথে অংশীদার হয়ে, স্টেটের DNA ডাটাব্যাংকের প্রশাসনিক তদারকি; প্রোবেশন ও কমিউনিটি সংশোধন কর্মসূচিগুলোর অর্থায়ন ও তত্ত্বাবধান; ফেডারেল ও স্টেট পর্যায়ের ক্রিমিনাল জাস্টিস

তহবিল বরাদ্দকরণ; স্টেটব্যাপী ফৌজদারি বিচার সংক্রান্ত সংস্থাগুলোকে সহায়তা প্রদান; এবং স্টেটের সেক্স অফেন্ডার রেজিস্ট্রি নিয়ন্ত্রণ, ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে। এই সংস্থাকে টুইটারে (Twitter) এবং ফেসবুকে (Facebook) অনুসরণ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418